কৃষিই সমৃদ্ধি

গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)
গাজীপুর-১৭০১
www.nata.gov.bd

স্মারক নং◌ঃ ১২.১৫.০০০০.০০১.০৫.০৭৭.১৫-৮৬২ ২২/১২/২০১৯ খ্রিঃ

বিষয়ঃ জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমির এর নৈতিকতা কমিটির সভা আহবান ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা অনুযায়ী আগামী ২৪/১২/২০১৯ খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকার সসয় মহাপরিচালক মহোদয়ে অফিস কক্ষ, নাটা, গাজীপুর এ নৈতিকতা কমিটির ২০১৯-২০ অর্থবছরের ২য় সভা অনুষ্ঠিত হবে । সকল সম্মানিত সদস্যগণকে যথাসময়ে সভায় অংশ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো ।

আলোচ্যসূচীঃ

১. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা অনুযায়ী উত্তম চর্চা সংক্রান্ত অগ্রগতি

২. আইসিটি টিম পূনরগঠন সংক্রান্ত

৩. বাংলাদেশ জাতীয় ডিজিটাল আর্কিটেকচার এর ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ সংক্রান্ত

৪. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার আলোকে দূর্নীতি প্রতিরোধ বিষয়ক লিফলেট ও পোস্টার বিতরন এর অগ্রগতি

৫. সেবা প্রদানে রশিদ প্রদান সংক্রান্ত ।

(ড. মোঃ জামাল উদ্দীন)
উপপরিচালক (উদ্ভিদ রোগতত্ত্ব)
ও ফোকাল পয়েন্ট

বিতরণঃ

১. মহাপরিচালক, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর ।

২. পরিচালক (প্রশিক্ষণ), জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর ।

৩. উপপরিচালক (পরিকল্পনা ও প্রকাশনা), জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর ।

৪. উপপরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস), জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর ।

৫. অফিস নথি ।

## ২০১৯-২০ অর্থবছরে নাটা, গাজীপুর এর নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরনী

| | |
|---|---|
| সভাপতি | : ড. মোঃ আবু সাইদ মিঞা, মহাপরিচালক, নাটা, গাজীপুর |
| সভার তারিখ | : ২৪.১২.২০১৯ |
| সময় | : সকাল ১০:০০ ঘটিকা |
| সভার স্থান | : সভাপতি মহোদয়ের অফিস কক্ষ, নাটা, গাজীপুর |

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান। সভাপতি মহোদয় আলোচ্যসূচি মোতাবেক উপপরিচালক ড. মোঃ জামাল উদ্দীনকে ফোকাল পয়েন্ট হিসেবে মনোনিত করেন এবং নৈতিকতা কমিটি পুনঃগঠন করেন। অত:পর ফোকাল পয়েন্ট উপপরিচালক ড. মোঃ জামাল উদ্দীনকে আলোচনা করার অনুরোধ জানান।

১. উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগ/মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) তে জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা এর আলোকে উত্তম চর্চা (Best Practice) বিষয়ক যে সকল সিদ্ধান্ত গৃহীত হয় সেগুলো হলঃ

১.১ । **যথাসময়ে (সকাল ৯.০০ ঘটিকার মধ্যে) কর্মস্থলে উপস্থিতি থাকা ঃ** জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) এর আলোকে আবশ্যিকভাবে প্রতিপালনযোগ্য উত্তম চর্চা (Best Practice) যথাসময়ে কর্মস্থলে উপস্থিত থাকার বিষয়টি নিশ্চিতকরনের নিমিত্ত ডিজিটাল হাজিরা ( Digital Attendance) ব্যবস্থা ইতোমধ্যে চালু করা হয়েছে । সকল কর্মকর্তা ও কর্মচারীগণ সকাল ৮.৩০ ঘটিকা থেকে ৯.০০ ঘটিকার মধ্যে ডিজিটাল হাজিরা প্রদান করার মাধ্যমে কর্মস্থলে উপস্থিত থাকবেন(Check in)এবং বিকাল ৫.০০ ঘটিকার পর ডিজিটাল হাজিরার মাধ্যমে কর্মস্থল হতে প্রস্থান (Check out ) বিষয়টি নিশ্চিত করা হয়েছে।পরিচালক (প্রসাশন) মহোদয় বিষয়টি নিয়মিত তদারকি করবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

১.২ । **দাপ্তরিক সকল যোগাযোগ ই-নথিতে সম্পাদন করা ঃ** ফোকাল পয়েন্ট উপপরিচালক ড. মোঃ জামাল উদ্দীন জানান দাপ্তরিক সকল যোগাযোগ দ্রুত ও যথাসময়ে সম্পন্ন করার লক্ষ্যে জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) ই-নথি ব্যবহার করে আসছে । দপ্তরেরর অভ্যন্তরে সকল ফ্যাকাল্টিদের যাবতীয় যোগাযোগের বিষয়ে ই- নথি ও ই-মেইল ব্যবহার করা হচ্ছে ।**দাপ্তরিক সকল যোগাযোগ ই-নথিতে সম্পাদন করার** বিষয়টি অব্যহত রাখাতে সিদ্ধান্ত গৃহীত হয়ছে।

১.৩ । **সমগ্র ক্যাম্পাস পরিস্কার পরিচ্ছন্ন রাখা ঃ** ফোকাল পয়েন্ট উপপরিচালক ড. মোঃ জামাল উদ্দীন জানান, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) এর অফিস কক্ষ, শ্রেণীকক্ষ, করিডোর ও **আঙ্গিনা**সহ সমগ্র ক্যাম্পাস নিয়মিত পরিস্কার পরিচ্ছন্ন করা হয় এবং একাজ সুষ্ঠুভাবে পরিচালনা ও মনিটরিং এর জন্য একটি কমিটি গঠন করা হয়েছে । জাতীয় জনগুরুত্বপূর্ণ বিষয় যেমন ডেঙ্গু মশার বিস্তার রোধকল্পে বিশেষ অভিযান পরিচালনসহ সচেতনতামূলক লিফলেট, পোস্টার স্থাপন করা হয়েছে এবং জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)র প্রশাসনিক ভবনের প্রবেশস্থলে স্থাপিত ডিজিটাল ডিসপ্লে বোর্ডে এর মাধ্যমে সচেতনতামূলক প্রচার কার্য অব্যাহত আছে। আগামী ০৬-০১-২০২০ তারিখে অনুষ্ঠিতব্য সেমিনারে মাননীয় কৃষিমন্ত্রী ড. মো: আব্দুর রাজ্জাক, এমপি মহোদয়ের প্রধান অতিথি হিসেবে আগমনের বিষয়টি নিশ্চিত হওয়ায় সমগ্র নাটা ক্যাম্পাস **পরিস্কার** পরিচ্ছন্ন ও সৌন্দর্য বর্ধন কার্যক্রম জোরদার করার জন্য সভাপতি মহোদয় সকলকে নিরলসভাবে অংশগ্রহন করার জন্য অনুরোধ জানান এবং এ ব্যাপারে সকলের অংশগ্রহন করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

১.৪ । **বিদ্যুত ও পানির অপচয় রোধ করা ঃ** ফোকাল পয়েন্ট আর ও জানান যে, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) এর অফিস, ডরমিটরি, শ্রেণীকক্ষ ত্যাগ করার সময় বৈদ্যুতিক সরঞ্জামাদি বন্ধ করে বিদ্যুৎ অপচয় রোধ করার লক্ষ্যে বিশেষ ব্যবস্থা ও মাধ্যমে বৈদ্যুতিক সংযোগ নিয়ন্ত্রণ করার ব্যবস্হা করা হয় । পানি ব্যবহারে সাশ্রয়ী হতে সচেতনতামূলক পোস্টার, লিফলেট সকল বেসিন, ওয়াশরুম ও করিডোরে স্থাপন করা হয়েছে । এছাড়া কর্মকর্তা কর্মচারীদেও ইন-হাউজ প্রশিক্ষণে বিদ্যুৎ ও পানির অপচয় রোধ করার বিষয়ে সচেতনতামূলক পরামর্শ প্রদান করা হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয় ।

২. উক্ত সভায় আইসিটি টিম পুনর্গঠনের প্রস্তাব প্রদান করা হয়।

৩. সেবা প্রদানের রশিদ প্রদান নিশ্চিত করা হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

৪. দুনীতি বিষয়ক লিফলেট মুদ্রণের প্রস্তাব প্রদান করা হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. মোঃ আবু সাইদ মিঞা
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)

স্মারক নং-

তারিখ:

১. পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ), নাটা, গাজীপুর।
২. উপপরিচালক (সকল), নাটা, গাজীপুর।
৩. সিনিয়র সহকারী পরিচালক (সকল), নাটা, গাজীপুর।
৪. অন্যান্য সকল কর্মকর্তা ও কর্মচারী, নাটা, গাজীপুর।
৫. জনাব ...........................................................................।
৬. অফিস কপি।

সভাপতি : মহাপরিচালক
বিষয় : নৈতিকতা কমিটির সভা
তারিখ : ২৪.১২.২০১৯
সময় : ১০.০০ ঘটিকা
স্থান : সভাপতি মহোদয়ে অফিস কক্ষ, নাটা, গাজীপুর

| ক্রমিক নং | নাম | পদবী | কমিটিতে অবস্থান | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | ড. মোঃ আবু সাইদ মিঞা | মহাপরিচালক | সভাপতি | |
| ০২ | ড. মোঃ আবু সাইদ মিঞা | পরিচালক (প্রশিক্ষণ) | সদস্য | |
| ০৩ | ড. মোঃ এখলাছুর উদ্দীন | উপপরিচালক (পরিকল্পনা ও প্রকাশনা) | সদস্য | |
| ০৪ | ড. মোঃ ছাইদুর রহমান | উপপরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস) | সদস্য | ২৪/১২/১৯ |
| ০৫ | ড. মোঃ জামাল উদ্দীন | ফোকাল পয়েন্ট | সদস্য সচিব | |